নিউকাস্‌ল-এ ছেলেদের লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করা (Circumcision for Boys in Newcastle)

বাবা, মা এবং অভিভাবকদের জন্য তথ্য

লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদের (সার্‌কমসিশনের) পক্ষ হয়ে কথা বলা এই প্রচারপত্রটির (লিফলেটের) উদ্দেশ্য নয়। এই প্রণালীটার ব্যাপারে এগিয়ে যাওয়া হবে কিনা তা হচ্ছে সংশ্লিষ্ট পরিবারটির জন্য একটা বেছে নেওয়ার জিনিষ। এই প্রণালীটা যাতে নিরাপদ ভাবে করা হয় তা নিশ্চিত করার উদ্দেশ্যে আপনার যা যা জিনিষ বিবেচনা করে দেখতে হবে সেগুলির কয়েকটার সংক্ষিপ্তসার দেওয়া হচ্ছে এই প্রচারপত্রটির উদ্দেশ্য।

আপনার যা যা জেনে রাখা দরকার

- যদিও কোন সমস্যা ছাড়াই বেশীর ভাগ ছেলেরা ভাল রকম সেরে ওঠে, তবে সব অপারেশনের মত লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করাতেও জটিলতা হওয়ার ঝুঁকি থাকে। এই অপারেশনটা যিনি করবেন, তার আপনাকে এগুলির বিষয়ে জানিয়ে দেওয়া উচিত।
- চিকিৎসা সংক্রান্ত কোন কারণ না থাকলে, নিউকাস্‌ল-এর এন্‌এইচ্‌এস, ছেলেদের লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার জন্য কোন অর্থ সংস্থান দেয় না।
- জেনারেল মেডিকাল কাউন্সিল জানে যে ধর্মীয় ও সাংস্কৃতিক কারণে ছেলেদের লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করা হতে পারে।

বয়স

সুপারিশ করা হচ্ছে যে যতটা সম্ভব ততটা কম বয়সে যেন আপনার ছেলের লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করা হয়।

সম্মতি

- এই অপারেশনটা হওয়ার আগে, বাবা ও মা দু’জনেরই এবং/অথবা বাবা/মায়ের দায়িত্ব রয়েছে এরকম কেয়ারারের (যিনি অন্য কারুর দেখাশোনা করেন) সম্মতি দেওয়া গুরুত্বপূর্ণ। সম্মতি দেওয়ার মানে হচ্ছে যে আপনার ছেলের লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ হওয়ার ব্যাপারে আপনি রাজী আছেন এবং এই অপারেশনের বিষয়ে, এবং সম্ভাব্য ঝুঁকিগুলির কথা আপনাকে স্পষ্ট করে বুঝিয়ে দেওয়া হয়েছে।
- কোন প্রশ্ন থাকলে, যেমন এই অপারেশনের ঝুঁকি ও উপকারগুলির সম্বন্ধে, আপনি সেটা নির্দ্বিধায় জিজ্ঞাসা করতে পারবেন বলে আপনার মনে করতে পারা উচিত। স্বাস্থ্য সংক্রান্ত সব পেশাদার ব্যক্তিরাই খুশী মনে আপনার প্রশ্নের উত্তর দেবেন। আপনি যে পেশাধারী ব্যক্তিকে ব্যবহার করবেন, তার বিষয়ে আপনার আস্থা থাকা গুরুত্বপূর্ণ। আপনি যে পেশাধারী ব্যক্তিকে ব্যবহার করবেন তার উপযুক্ত দক্ষতা এবং অভিজ্ঞতা আছে কিনা সে বিষয়ে সন্তুষ্ট হওয়ার দায়িত্ব আপনার ওপরে থাকবে।

- লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার আগে, আপনার পছন্দ করা পেশাধারী ব্যক্তির আপনার ছেলের ও আপনার পরিবারের স্বাস্থ্য সম্বন্ধে জিজ্ঞাসা করা উচিত। লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার আগে, আপনার ছেলের স্বাস্থ্য ভাল থাকা উচিত।

পরিষ্কার পরিচ্ছন্ন এবং জীবাণুমুক্ত

এই প্রণালীর জন্য ব্যবহার করা ঘরবাড়ি পরিষ্কার পরিচ্ছন্ন এবং সরঞ্জাম জীবাণুমুক্ত হওয়া উচিত। এই প্রণালীর পরে আপনার ছেলের কোন রকম ইন্‌ফেক্‌শন হওয়ার ঝুঁকি কমানোর উদ্দেশ্যে, ফেলে দেওয়া হয় এরকম সরঞ্জাম ব্যবহার করা উচিত। একজন ভাল পেশাধারী ব্যক্তি এমন ধরনের সরঞ্জাম ও কৌশল ব্যবহার করবেন, যা এই অপারেশনকে যতটা সম্ভব ততটা নিরাপদ করার উদ্দেশ্যে তৈরী করা হয়েছে।

লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করা হচ্ছে একটা অপারেশন এবং সেইজন্য, যেখানটা শান্তিপূর্ণ ও পরিষ্কার পরিচ্ছন্ন সেই রকম একটা উপযুক্ত জায়গায় ও জীবাণুমুক্ত সরঞ্জাম দিয়ে এটা করার দরকার হবে; যদি আপনি এই লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদকে একটা পারিবারিক উৎসবের অংশ করতে চান, তাহলে এই জিনিষগুলির কথা মনে রাখা গুরুত্বপূর্ণ ।

লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার সময় উপস্থিত থাকা

যখন এই লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করা হবে, তখন আপনি যদি আপনার ছেলের সাথে থাকতে চান, তাহলে যিনি লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করবেন, তার সাথে এই বিষয়ে আপনার কথা বলা দরকার। যদিও সকলে নয়, কিন্তু কিছু পেশাধারী ব্যক্তিরা খুশী মনে আপনাকে উপস্থিত থাকতে দেবেন। কাজেই তাদের সাথে যোগাযোগ করার সময় এটা নিয়ে আলোচনা করবেন।

যন্ত্রণা নিয়ন্ত্রণ করা

লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করা হলে, তা আপনার ছেলের কাছে হয়ত যন্ত্রণাদায়ক হতে পারে। লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার সময়ে কি ভাবে এই যন্ত্রনা নিয়ন্ত্রণ করা হবে এবং তারপরে বাড়িতে কি করে যন্ত্রনা কমানো যাবে তা আপনাকে বলে দেওয়া উচিত। যদি আপনাকে এটা বলা না হয়ে থাকে, তাহলে জিজ্ঞাসা করা নিশ্চিত করবেন।

পরের সেবাযত্ন

অপারেশন হয়ে যাওয়ার পরে, অন্ততঃ ৩০ মিনিট আপনার ছেলেকে সেই ঘরবাড়িতে রাখা উচিত। আপনার সাথে কর্মচারীদের কথা বলে বুঝিয়ে দেওয়া উচিত যে এর পরে কি হবে এবং কি ভাবে আপনার ছেলের সেবাযত্ন করতে হবে। আপনার বাড়িতে ফিরে যাওয়ার সময়, আপনার ছেলেকে কি ভাবে দেখাশোনা করতে হবে সে বিষয়ে বিস্তারিত তথ্য সমেত একটা প্রচারপত্র আপনাকে দেওয়া উচিত, যার মধ্যে থাকবে কখন এবং কোথায় সাহায্য চাইতে হবে এবং কোন্ কোন্ লক্ষণগুলির জন্য আপনাকে সতর্ক থাকতে হবে। আপনার যদি কোন উদ্বেগ হয়, তাহলে যোগাযোগ করার উদ্দেশ্যে ব্যবহার করার জন্য একটা নম্বর আপনাকে দেওয়া উচিত।

লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার পরে আপনি যদি আপনার ছেলের বিষয়ে চিন্তিত থাকেন, তাহলে আপনার সেই পেশাধারী ব্যক্তির সাথে যোগাযোগ করা উচিত। আপনি যদি তার সাথে

যোগাযোগ করতে না পারেন, অথবা তার উপদেশে আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনার জিপির সাথে আপনার যোগাযোগ করা উচিত অথবা আপনার ছেলেকে আপনার স্থানীয় এ্যাক্সিডেন্ট এ্যান্ড ইমারজেন্সী ডিপার্টমেন্টে নিয়ে যাওয়া উচিত।

মনে রাখবেন যে আপনি যদি লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করার উদ্দেশ্যে উপস্থিত হওয়ার পরে কোন কিছুর বিষয়ে সন্তুষ্ট না হন, অথবা কোন কারণে আপনি আপনার ছেলের স্বাস্থ্যের বিষয়ে চিন্তিত থাকেন, তাহলে আপনাকে সেই বারে যে লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করাতেই হবে তা নয়। সব ভাল পেশাধারী ব্যক্তিরা আপনার উদ্বেগগুলি শুনবেন এবং অন্য আর একটা সময় এটার জন্য বন্দোবস্ত করবেন অথবা আপনি চাইলে এটা বাতিল করে দেবেন।

অভিযোগ

আপনি যে পরিষেবা পেয়েছেন তাতে যদি আপনি খুশী না হয়ে থাকেন, তাহলে যে পেশাধারী ব্যক্তি এই লিঙ্গাগ্রের ত্বকচ্ছেদ করেছেন, প্রথমে তার সাথে কথা বলবেন। কার সাথে কথা বলতে হবে সে বিষয়ে আপনি নিশ্চিত না হলে অথবা এই প্রচারপত্রটির সম্বন্ধে আরও তথ্য চাইলে, আপনি আপনার স্থানীয় এন্এইচ্এস PALS –এর (পেশেন্ট এ্যাড্ভাইজরী এ্যান্ড লিয়েজঁ সার্ভিসের) সাথে যোগাযোগ করতে পারেন। আপনাকে কি করতে হবে সে বিষয়ে এই সংস্থাটি আপনাকে পরামর্শ দেবে। নিউকাস্ল-এ এই নম্বরটা হচ্ছে: ফ্রীফোন: 0800 0320202 (০৮০০ ০৩২০২০২) / টেক্সট 01670 511098 (০১৬৭০ ৫১১০৯৮)।

মেয়েদের যৌনাঙ্গ কেটে বাদ দেওয়া

ডাক্তারী শাস্ত্র অনুযায়ী এর ফলে কোন উপকার হয় না এবং ফিমেইল জেনিটাল মিউটিলেশন এ্যাক্ট (২০০৩) [Female Genital Mutilation Act (2003)] অনুসারে এটা করা বেআইনী।

ইকোয়ালিটি এ্যান্ড ডাইভার্সিটির লীড লুসী হলকে 0191 2824241 (০১৯১ ২৮২৪২৪১) নম্বরে টেলিফোন করে অনুরোধ করা হলে, এই প্রচারপত্রটি বিকল্প আকারে পাওয়া যাবে।

তারিখ: সেপ্টেম্বর ২০১৩

পুনর্বিচারের তারিখ: সেপ্টেম্বর ২০১৫

health & race equality forum

The Newcastle upon Tyne Hospitals NHS
NHS Foundation Trust

এই দু’টি সংস্থা যৌথভাবে এই তথ্য প্রকাশ করেছে।